

যুগান্তর



সভাপতি

সাধারণ সম্পাদক

লিয়াকত সিকদার ছাত্রলীগের সভাপতি ও বাবু সাধারণ সম্পাদক নির্বাচিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার,

লিয়াকত সিকদার বাংলাদেশ ছাত্রলীগের সভাপতি ও নজরুল ইসলাম বাবু সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। সারাদেশের কাউন্সিলরদের ভোটে তারা নির্বাচিত হন। গতকাল ভোরে নির্বাচনের ফল ঘোষণা করা হয়। ছাত্রলীগের ৫২ বছরের ইতিহাসে এটা দ্বিতীয় নির্বাচন। নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদক বর্তমানে কারাগারে আছেন। তাদের অনুপস্থিতিতে নবঘোষিত কমিটির সিনিয়র সহ-সভাপতি আনিসুর রহমান ভারপ্রাপ্ত সভাপতি এবং যুগ্ম সম্পাদক সাইফুজ্জামান শিখর ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক।

লিয়াকত : পৃষ্ঠা : ১৭ কলাম : ৫

সম্পাদকের দায়িত্ব পালন করবেন।

মহানগর নাট্যক্ষেত্র ছাত্রলীগের জাতীয় সম্মেলনের দ্বিতীয় অধিবেশন বিষয় নির্ধারণী সভায় এ নির্বাচন অনুষ্ঠিত হয়। সভার প্রথম পর্বে গঠনতন্ত্র সংশোধন করে কেন্দ্রীয় কমিটির সদস্য সংখ্যা ১০১ থেকে ২১০ এবং জেলা কমিটি ৪১ থেকে ১০১ সদস্যবিশিষ্ট করা হয়। পরে সভাপতি ও সাধারণ সম্পাদক পদে মনোনয়নপত্র জমা দেয়া প্রার্থীদের পরিচয় করিয়ে দেয়া হয়। পরে নির্বাচন অনুষ্ঠান নিয়ে সংশয় দেখা দিলে এক ঘণ্টার জন্য সভা মূলতবি ঘোষণা করা হয়। জানা গেছে, আওয়ামী লীগ নেতৃবৃন্দ এবং ছাত্রলীগের সাবেক নেতৃবৃন্দ নতুন নেতৃত্ব মনোনয়নে একমত হতে না পেরে শেষে নির্বাচন অনুষ্ঠানের পক্ষে মত দেন। রাত ১১টায় নির্বাচন শুরু হয়। বিভিন্ন জেলার সভাপতি ও সাধারণ সম্পাদক তাদের কাউন্সিলরদের নিয়ে গোপন ব্যালটে ভোট প্রদান করেন। এ সময় অনেকেই প্রকৃত কাউন্সিলরদের বদলে ডামি ভোটার নিয়ে ভোট দিয়েছেন বলে অভিযোগ করা হয়েছে। মোট ২ হাজার ২৩০ জন ভোটারের মধ্যে এক হাজার ৫৫১ জন ভোট প্রদান করেন। সভাস্থলে উপস্থিত প্রার্থীদের কাউকেই নির্বাচনী প্রচারণা চালাতে বা ভোট চাইতে দেখা যায়নি। ভোটগ্রহণ শেষ হয় রাত ৩টায়। ভোট গণনা শেষে সকাল সাড়ে ৬টায় ফলাফল ঘোষণা করেন নির্বাচন কমিশনার সুজিত রায় নন্দী। ঘোষণা অনুসারে সভাপতি পদে সর্বোচ্চ এক হাজার ২০৪ ভোট পেয়ে নির্বাচিত হন লিয়াকত সিকদার। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আশরাফুল আজিম রুবন পেয়েছেন ৬৭ ভোট। এছাড়া মারুফা আক্তার পপি ২৯ এবং কাজী এবাদত হোসেন ও সাখাওয়াত হোসেন ১১টি করে ভোট পান। এ পর্বে মোট প্রতিদ্বন্দ্বী ছিলেন ৯ জন। সাধারণ সম্পাদক পদে সর্বোচ্চ ভোট পান নজরুল ইসলাম বাবু। তিনি পেয়েছেন ৬০৯ ভোট। নিকটতম প্রতিদ্বন্দ্বী সাইফুজ্জামান শেখর পেয়েছেন ৩৮০ ভোট। এছাড়া মাজহার আনাম ১৫৪, আবদুল ওয়াদুদ খোকন ১৫০, রফিকুল ইসলাম কোতয়াল ৯৬ ভোট পান। এ পর্বে মোট ১৬ জন প্রার্থী ছিলেন। সভাপতি পদে নির্বাচিত লিয়াকত সিকদার বদায়ী কমিটির যুগ্ম সম্পাদক এবং নজরুল ইসলাম বাবু আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক হলেন। গত ২৫ ফেব্রুয়ারি বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনার বাসভবন সুখা সদন থেকে ফেরার পথে পুলিশ এদেরসহ ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির মোট ৯ জনকে গ্রেফতার করে। মেলন সফল করার লক্ষ্যে ছাত্রলীগের বেক নেতৃবৃন্দ নিয়ে গঠিত ওকে কমিশনের ধান ওবায়দুল কাদের নির্বাচন সম্পর্কে বলেন, এটা ছাত্রলীগের একটা টার্নিংয়েন্ট। সাংগঠনিক নেত্রী শেখ হাসিনা যে